

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/ ০৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.২৭৫—জনাব কে এম আলী আজম ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৩ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০২ নভেম্বর ২০২২ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন।

০২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব কে এম আলী আজমকে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে মন্ত্রিসভার ১৫ কার্তিক ১৪২৯/৩১ অক্টোবর ২০২২ তারিখের বৈঠকে একটি ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৭৭২১ )  
মূল্য : টাকা ৪.০০

**মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব**

১৫ কার্তিক ১৪২৯  
ঢাকা: ৩১ অক্টোবর ২০২২

জনাব কে এম আলী আজম ১৯৮৯ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৩ বছর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০২ নভেম্বর ২০২২ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করবেন।

কর্মজীবনের শুরুতে জনাব কে এম আলী আজম মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। এছাড়া তিনি চাঁপাইনবাবগঞ্জ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার হিসাবে সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন।

সুদীর্ঘ কর্মজীবনে তিনি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়ের সচিব হিসাবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব কে এম আলী আজম সিনিয়র সচিব হিসাবে ১৬ মে ২০২১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদান করে অদ্যাবধি একই মন্ত্রণালয়ে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। তিনি সুদীর্ঘ সময় প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত থেকে পেশাদারিত্ব, দক্ষতা, বিচক্ষণতা ও সুনামের সঙ্গে দেশ ও জাতির কল্যাণে কাজ করে গেছেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব কে এম আলী আজম-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।